

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে বাংলাদেশে পারস্পরিক শিখন প্রাতিষ্ঠানিকীকরণ কর্মশালা অনুষ্ঠিত।

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও শ্রীমঙ্গল উপজেলা প্রশাসনের যৌথ আয়োজনে বিগত ২৯ নভেম্বর ২০২০ ইং তারিখ রবিবার শ্রীমঙ্গল উপজেলা পরিষদ হল রুমে বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ শীর্ষক প্রকল্পের উপজেলা পর্যায়ে ইউনিয়ন পরিষদ কর্তৃক ভালো শিখন চিহ্নিতকরণ কর্মশালা সম্পন্ন হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার জনাব নজরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় শ্রীমঙ্গল উপজেলার অন্তর্গত ৯ টি ইউনিয়ন ও একটি পৌরসভার চেয়ারম্যান,সচিব,সাধারণ সদস্য ও সংরক্ষিত সদস্য সহ মোট ৪০ জন ইউনিয়ন পরিষদ ও পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রীমঙ্গল উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব প্রেম সাগর হাজারা (ভারপ্রাপ্ত)। কর্মশালার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ব্রেকিং দ্য সাইলেন্স এর পরিচালক (প্রোগ্রাম এন্ড প্লানিং) মোঃ জাহিদুল ইসলাম এবং বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচীর প্রেক্ষাপট ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য রাখেন বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রকল্পের উপ প্রকল্প পরিচালক মনিকা মিত্র। বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচীর উপর মূল উপস্থাপনা পেশ করেন বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রকল্পের উপদেষ্টা জনাব সান্তনু লাহেড়ী এবং ব্রেকিং দ্য সাইলেন্স এর পরিচালক (প্রোগ্রাম এন্ড প্লানিং) মোঃ জাহিদুল ইসলাম।

ব্রেকিং দ্য সাইলেন্স এর সঞ্চালনায় অনুষ্ঠিত কর্মশালায় শ্রীমঙ্গল উপজেলার ৯ টি ইউনিয়ন এবং ১ টি পৌরসভা থেকে প্রাপ্ত মোট ২৩ টি ভাল শিখনের মধ্যে থেকে ৬ টি ভাল শিখনকে ভোটের মাধ্যমে নির্বাচিত করা হয়।

নিম্নে নির্বাচিত ভাল শিখন গুলো উল্লেখ করা হলো :

১. ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবনে ছাদ বাগান।
২. ব্যাংকের মাধ্যমে সেবার অর্থ গ্রহণ পূর্বক সেবা প্রদান করা হয়।
৩. ইউনিয়ন পরিষদে স্থায়ী সেলাই প্রশিক্ষণ কেন্দ্র ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।
৪. ইউনিয়ন পরিষদের সেবা সংক্রান্ত তথ্য পত্র প্রকাশ।
৫. ইউনিয়ন পরিষদে স্বাস্থ্য সম্মত শৌচাগার ও পানি সরবরাহ নিশ্চিতকরণ।
৬. ইউনিয়ন কে শতভাগ ভিক্ষুক মুক্ত করতে ইউনিয়ন পরিষদের তহবিল থেকে বিভিন্ন আর্থিক ও সামাজিক সহায়তা প্রদান।

সভাপতি শ্রীমঙ্গল উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব নজরুল ইসলাম তার সমাপনী বক্তব্যে সরকারের এ উদ্যোগকে সময়োপযোগী উদ্যোগ বলে অবহিত করে বলেন,“এ ধরনের অনুশীলন আমাদের সকলকেই সনাতন দৃষ্টিভঙ্গি থেকে বের হয়ে এসে দেশের জন্য নতুন কিছু করে দেখানোর অনুপ্রেরণা দিবে। তিনি আরো বলেন আমাদের উপজেলা পরিষদের পক্ষ থেকে এই ভাল শিখন সমূহ সকল ইউনিয়ন পরিষদে অনুশীলন করার জন্য উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি সহায়তা করব।” তিনি এ কর্মশালার সার্বিক উন্নয়ন ও সাফল্য কামনা করেন।

কর্মশালার স্থির চিত্র :



কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ব্রেকিং দ্য সাইলেন্স এর পরিচালক (প্রোগ্রাম এন্ড প্লানিং) মোঃ জাহিদুল ইসলাম।



বক্তব্য দিচ্ছেন কর্মশালার সভাপতি উপজেলা নির্বাহী অফিসার জনাব নজরুল ইসলাম।



প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব প্রেম সাগর হাজারা (ভারপ্রাপ্ত)।



আলোচনা করছেন বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রকল্পের উপদেষ্টা জনাব সান্তনু লাহেড়ী।